Sanatan Dharma

স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের উপদেশ

তুমি যত বড় মহাপুরুষই হও, এমন ছোট ছোট অনেক কাজই তোমাকে করতে হবে, বাইরে থেকে দেখতে যে কাজ তুচ্ছ, নগণ্য এবং অনিত্য। কিন্তু অনিত্য কাজ ক'রেও নিত্যাভিনিবেশের শক্তিতে তুমি নিত্য-মঙ্গলই লাভ করবে। মাটি, কাদা, জল, ইট, কাঠ, ঘর, দুয়ার, দালান, ক্ষেত, সবই ক্ষণস্থায়ী, কিন্তু তবু এদের নিয়ে খাটতে হয়, অনিত্য দেহকে পর্যন্ত কত পরিচর্যা করতে হয়। কারণ, পরিচর্যা তুমি অনিত্যকে করতে পার। কিন্তু পরিচর্যার প্রকৃত লক্ষ্য সেই নিত্য বস্তু, যার ক্ষয় নেই, যার ধ্বংস নেই, যার বিকার নেই, যার পরিবর্তন নেই। অনিত্যের ভিতর দিয়েও অনুক্ষণ নিত্যকেই অনুসন্ধান করতে থাক। তা'হলে অনিত্য জগৎ ধ্বংস হয়ে গেলেও তোমার শ্রম কখনো ব্যর্থ হ'তে পারবে না।
.....শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের উপদেশ বাণী।)